

# স্কুল উপস্থিতি সংক্রান্ত বিষয়

## মা-বাবা ও কেয়ারারদের জন্যে তথ্য

আপনি যদি নিউহ্যামের বাসিন্দা হন এবং আপনার বাচ্চাদের বয়স যদি স্কুলে যাবার বাধ্যতামূলক বয়সের মধ্যে পড়ে তাহলে এখানে কিছু তথ্য রয়েছে যা আপনার জানতে হবে। আপনার বাচ্চারা যেনো তাদের শিক্ষা থেকে সর্বোচ্চ উপকার পায় তা নিশ্চিত করার জন্যে নিউহ্যাম কাউন্সিল আপনাকে সমর্থন করতে চায়। ভালো শিক্ষা গ্রহণের সুযোগ থেকে উন্নত জীবন, চাকুরী ও উচ্চ আয় ক্ষমতার সম্ভাবনা বাড়ে। এটি বাচ্চাদেরকে সামাজিক ও আত্মবিশ্বাসী হতে সাহায্য করে এবং সমাজে ইতিবাচক অবদান রাখার মত সুনামগরিক হতে শেখায়।

নীচের বিষয়গুলো স্কুল উপস্থিতি আইনের রূপরেখা সম্পর্কে জানাচ্ছে।

- ৫ - ১৭ বছর বয়সী সব বাচ্চাদের জন্যে পূর্ণ-কালীন (ফুল-টাইম) শিক্ষা বাধ্যতামূলক (সেপ্টেম্বর ২০১৪ থেকে এটি ১৮ বছর পর্যন্ত বাড়ানো হবে)।
- যে বছর বাচ্চার বয়স পাঁচ হচ্ছে সেবছরের সেপ্টেম্বর থেকে বাচ্চার স্কুল শুরু করা হলো নিউহ্যাম কাউন্সিলের নীতি।
- আপনি যদি স্কুলে জায়গার জন্যে আবেদন করেন এবং তারপর তা যদি গ্রহণ না করেন তাহলে আপনার কাছে জানতে চাওয়া হবে যে আপনার বাচ্চার বয়স, যোগ্যতা এবং তার কোনো বিশেষ শিক্ষাগত চাহিদা থেকে থাকলে সেসবের উপযুক্ত পূর্ণ-কালীন শিক্ষা আপনার বাচ্চা যে পাচ্ছে তা নিশ্চিত করার জন্যে আপনি কি ধরনের ব্যবস্থা নিয়েছেন।
- আপনার বাচ্চাকে যদি আপনি বাড়ীতে রেখেই লেখাপড়া শেখাতে থাকেন তাহলে নিউহ্যাম কাউন্সিল পরীক্ষা করে দেখবে যে আপনি উপযুক্ত শিক্ষা আপনার বাচ্চাকে দিচ্ছেন কিনা।
- আপনার বাচ্চাকে আপনি যদি স্বাধীন অথবা ফেইথ (বিশ্বাস) স্কুলে ভর্তি করান তাহলে অনুগ্রহ করে তা এ্যাটেন্ডেন্স সার্ভিসে (যোগাযোগের বিস্তারিত নীচে) জানান, অন্যথায় আপনার বাচ্চাকে হয়তোবা 'চাইল্ড মিসিং ফর্ম এডুকেশান' (সি.এম.ই) হিসেবে চিহ্নিত করা হবে। আপনার বাচ্চা শিক্ষা লাভ করছে কিনা সে ব্যাপারটি নিশ্চিত করার জন্যে অনুসন্ধান করে দেখা যেতে পারে।
- একবার যখন আপনার বাচ্চার জন্যে আপনি কোনো স্কুলে নাম লেখাবেন তখন এটি নিশ্চিত করা আপনার দায়িত্ব হবে যে আপনার বাচ্চা প্রতিদিন, ঠিক সময়ে স্কুলে আসছে এবং অযাথা স্কুল কামাই করছেন। মা-বাবা যদি এই দায়িত্ব পালন না করেন তাহলে তাদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হতে পারে।
- টার্ম চলাকালীন সময়ে ছুটি নেয়াটা অনুমোদিত নয়।
- টার্ম চলাকালীন সময়ে বাচ্চাকে যদি স্কুলের বাইরে নিয়ে যান, অথবা স্কুলে অনুপস্থিতির কোনো কারণ যদি ঘটে থাকে কিংবা আপনার বাচ্চা যদি প্রায়ই সময়মাসিক স্কুলে না আসে তাহলে তার জন্যে পেনাল্টি নোটিশ ফাইন (দন্ড নোটিশ জরিমানা) জারী করা যেতে পারে।
- পেনাল্টি নোটিশ জারী হলে প্রত্যেক বাচ্চার জন্যে প্রত্যেক মা বা বাবাকে £৬০ জরিমানা দিতে হবে এবং এই জরিমানা ২১ দিনের মধ্যে পরিশোধ করতে হবে। যদি ২১ দিনের মধ্যে পরিশোধ না করে ২৮ দিনের মধ্যে পরিশোধ করা হয় তাহলে এই জরিমানার পরিমাণ বেড়ে যেয়ে দাঁড়াবে £১২০। এই জরিমানা যদি একেবারেই পরিশোধ করা না হয় তাহলে স্বাভাবিক নিয়মে তার জন্যে আপনার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

আপনি যদি এই দেশে নতুন হন তাহলে আমরা আপনাকে স্বাগত জানাই। আপনি যদি পড়তে চান অথবা আপনার ইংরেজীর উন্নতি ঘটাতে চান তাহলে এ ব্যাপারে আপনার বাচ্চার স্কুলে খোঁজ করলে আপনাকে স্থানীয় ক্লাসের ব্যাপারে তথ্য দেয়া হবে।

আরো তথ্যের জন্যে এ্যাটেন্ডেন্স ম্যানেজমেন্ট সার্ভিসে অনুগ্রহ করে যোগাযোগ করুন

টেলিফোন: 020 3373 0390

ইমেইল: [attendance.management@newham.gov.uk](mailto:attendance.management@newham.gov.uk)